



আলুর নাবি ধ্বসার সম্পূরিত প্রতিকার ব্যবস্থা



আবহাওয়ার পরিবর্তনের প্রেক্ষাপটে বিভিন্ন ফসলের কিছু কিছু রোগ পোকার উপদ্রব ক্রমশই বেড়ে চলেছে। খারাপ আবহাওয়ায় রোগ বৃদ্ধির অনুকূল পরিবেশ তৈরী হলে আলু চাষের ক্ষেত্রে ছত্রাক ঘটিত নাবি ধ্বসা রোগ ছড়িয়ে ও তা ব্যাপক ক্ষতি করে। আলু চাষের ক্ষেত্রে চাষিরা ২০০৬-০৭ ও ২০০৮-০৯ এর মরশুমে নাবি ধ্বসা জনিত আক্রমণের জন্য বিপর্যয়ের সম্মুখীন হয়েছিলেন। এই সময়ের কথা মাথায় রেখে ২০১০ মরশুমের আলু চাষকে সুরক্ষিত করতে ও সর্বনাশা নাবি ধ্বসার হাত থেকে চাষিভাইদের বাচানোর জন্য নিম্নলিখিত কয়েকটি পদক্ষেপ গ্রহণের পরামর্শ দেওয়া হচ্ছে।



আলুর নাবি ধ্বসার আগাম সতর্কবার্তা :-

শীতকালে পৌষের মাঝামাঝি থেকে শুরু করে মাঘ মাস পর্যন্ত এই রোগের প্রাদুর্ভাব হয়। আর্দ্র আবহাওয়া, স্যাঁতসেঁতে, মেঘলা মধ্যে মধ্যে বৃষ্টি ও রাত্রের তাপমাত্রা $15^{\circ}\text{C}(\pm)$ ও এই অবস্থা টানা ৩-৪ দিন চললে এই রোগের আর্বিভাব সুনিশ্চিত। রাত্রের দিকে ৪ ঘন্টা টানা কুয়াশা, পরপর কয়েকদিন ৮-১০ ঘন্টা মেঘলা আকাশ। সারাদিন ১০ ঘন্টার তাপমাত্রা $15-25$ বা 12 ঘন্টার তাপমাত্রা $12-15$ ডিগ্রী সে. ও বাতাসে আপেক্ষিক আর্দ্রতার পরিমাণ ৯০% আবহাওয়ার এই রকম পরিস্থিতি / অবস্থা চললে ৭-১৫ দিনের মধ্যে আলুর নাবি ধ্বসা দেখা যাবে।

আলুর নাবি ধ্বসার সম্পূরিত প্রতিকার ব্যবস্থায় করণীয় ব্যবস্থাবলী :-

- ১) বীজ কাটার সময় পচা ও খারাপ আলুর রিং দেখা গেলে আলু লাগাবেন না এবং সেই আলু কাটার পরে পরেই কাটার যন্ত্রটি পটাশিয়াম পার ম্যাঙ্গানেটের দ্রবণে ভালভাবে পরিষ্কার করে পুনরায় আলু কাটতে পারেন।
- ২) বীজ শোধন করে অবশ্যই লাগাবেন :- বীজ শোধনের জন্য কার্বেভাজিম (ব্যাভিস্টিন) ৫০% ডু. পি. ২ গ্রাম / লিটার জলে ২০-২৫ মিনিট বা মিথোক্সি ইথাইল মারকিউরিক ক্লোরাইড (এমিসন-৬ / ব্যাগালল-৬ / এগ্যালল-৬) ২ গ্রাম / লিটার জলে ২ মিনিট ডুবিয়ে শোধন করুন।
- ৩) সারি থেকে সারির দূরত্ব ৪৫ সেমি করতে হবে ও সুষম হারে রাসায়নিক সার ($150 : 150 : 150$ এন. পি. কে) প্রয়োগ করতে হবে।

- ৪) জমিকে কয়েকটি অংশে ভাগ করতে হবে। জমির একপ্রান্ত থেকে অন্যপ্রান্ত পর্যন্ত লম্বা নালা করলে জলসেচ দেওয়ার জন্য একপ্রান্তে বেশী জল জমে যায়, তাই নাবি ধসা বেশী দেখা দেয়।
- ৫) কানি মাটি দেওয়ার আগে বা সময় নিম্নলিখিত যে কোনো একটি ছত্রাকনাশক স্প্রে করতে হবে :- কপার অক্সিক্লোরাইড ৫০% ডব্লিউ.পি. ৪ গ্রাম / লিটার জল (লি. জল), কপার হাইড্রক্সাইড ২.৫ গ্রাম / লি. জল, ক্লোরোথ্যালোনিল ২ গ্রাম / লি. জল, ম্যানকোজেব ৭৫ ডব্লিউ.পি. ২.৫ গ্রাম / লি. জল।
- ৬) ভেলির মাঝের নালা ১/৩ অংশের বেশী ভেলি ডুবিয়ে সেচ দেবেন না বা এমন ভাবে সেচ দেবেন যাতে ২-৩ ঘন্টার বেশী নালায় জল জমে না থাকে।
- ৭) সেচ দেওয়ার কাজ দুপুর ১২টা - ১টার মধ্যে শেষ করুন।
- ৮) আলুর ভেলী মাটি থেকে ন্যূনতম ৪-৫ ইঞ্চি উঁচু পর্যন্ত মাটি বাঁধান ও প্রয়োজনে দুবার কানি মাটি তুলুন।
- ৯) ধুসার আক্রমণ শুরু হয়ে গেলে সেই সময়ে সেচ ও চাপান দেওয়ার কাজ কয়েকদিন বন্ধ রাখুন। আকাশ পরিষ্কার থাকলে বা কুয়াশা না থাকলে সেচ দেবেন।
- ১০) ধুসা দেখা গেলে নিম্নলিখিত ছত্রাক নাশকগুলি ঘুরিয়ে ফিরিয়ে ৭-১০ দিন অন্তর প্রয়োগ করুন :- ম্যানকোজেব ৭৫% (ডব্লিউ.পি.) (ইন্দোফিল এম-৪৫, ডাইথেন এম-৪৫ ইত্যাদি) ২.৫ গ্রাম / লি. জল, কপার অক্সিক্লোরাইড ৫০% ডব্লিউ.পি. (ব্রাইটব্ল, ব্লু কপার ধানুকপ ইত্যাদি) ৪ গ্রাম / লি. জল, মেটিরিয়াম ৭০% (পলিরাম, স্যানিট ইত্যাদি) ২ গ্রাম/লি. জল, ক্লোরোথ্যালোনিল ৭৫% (কবজ, সালবখ ইত্যাদি) ২ গ্রাম / লি. জল, সাইমব্রানিল ৮% + ম্যানকোজেব ৬৪% ডব্লিউ.পি. (কারজেট এম-৮, মক্সিমোট ইত্যাদি) ২.৫ গ্রাম / লি. জল, ডাইমিথোমর্ফ ৫০ ডব্লিউ.পি. (অ্যাক্রোব্যাট, লুরিড ইত্যাদি) ১ গ্রাম / লি. জল, মেটাল্যাক্সিল ৮% + ম্যানকোজেব ৬৪% ডব্লিউ.পি. (রিডোমিল, ম্যাটকো, ইউনিলাক্স ইত্যাদি) ২.৫ গ্রাম / লি. জল। সেই সঙ্গে মনে রাখতে হবে উজ্জ্বল সূর্যালোকে স্প্রে করতে হবে ও ছত্রাক নাশকের মাত্রা সঠিক হওয়া উচিত তবে আঠা জাতীয় মিশ্রণ স্প্রে করার সময় মিশিয়ে দিলে ভাল হয়।
- ১১) গাছের বাড় অনুযায়ী পরিমাণ মতো জল ও স্প্রে নজলের মুখ এমন ভাবে রাখতে হবে যাতে পাতার উপর ও নীচে সমান ভাবে ভেজে।

বিশদ জানবার জন্য যোগাযোগ করুন :-

শস্য সুরক্ষা, উত্তর দিনাজপুর কৃষি বিজ্ঞান কেন্দ্র

উত্তরবঙ্গ কৃষি বিশ্ব বিদ্যালয় চোপড়া, উত্তর দিনাজপুর, ফোন নং - ০৩৫২৬-২৬৩৬৫৩।

প্রকাশক :-

ড: বিকাশ রায়, উত্তর দিনাজপুর কৃষি বিজ্ঞান কেন্দ্র,
উত্তরবঙ্গ কৃষি বিশ্ব বিদ্যালয়, চোপড়া, উত্তর দিনাজপুর।

লেখক :-

ড: ধনঞ্জয় মন্ডল